



## নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা  
www.ecs.gov.bd

ফোন ৮১১৪১৭৬

ফ্যাক্স ৯১২৯৭৭৩

নং নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৯/

তারিখঃ ২৮ জানুয়ারি ২০০৯।

### সংবাদ বিজ্ঞপ্তি

#### নির্বাচনী ব্যয়ের রিটার্ণ দাখিলঃ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী নির্বাচনের ফলাফল সরকারী গেজেটে প্রকাশের পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে নির্বাচনী ব্যয়ের রিটার্ণ দাখিল করতে হবে। উল্লিখিত বিধান অনুযায়ী নবম জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী সকল প্রার্থীকে আগামী ৩১ জানুয়ারি ২০০৯ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে (ফরম ২২) সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বরাবর ব্যয়ের রিটার্ণ দাখিল করতে হবে। ব্যয়ের রিটার্ণের অনুলিপি রেজিস্টার ডাকযোগে নির্বাচন কমিশনেও প্রেরণ করতে হবে।

২। এছাড়া নির্বাচনে অংশগ্রহণকারী সকল রাজনৈতিক দলকে নির্বাচনের ফলাফল সরকারী গেজেটে প্রকাশের পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে নির্ধারিত ফরমে (ফরম-২৩) নির্বাচনের ব্যয়ের রিটার্ণ দাখিল করতে হবে। নবম জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলের নির্বাচনী ব্যয়ের বিবরণী দাখিলের শেষ তারিখ ৩১ মার্চ ২০০৯।

৩। প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ব্যয়ের রিটার্ণ সাপ্তাহিক ছুটির দিন ৩০ ও ৩১ জানুয়ারি ২০০৯ তারিখ শুক্র ও শনিবারও সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত রিটার্নিং অফিসার ও জেলা নির্বাচন অফিসে জমা দেয়া যাবে।

(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোনঃ ৮১১৪১৭৬।